গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা।
www.ddm.gov.bd

স্মারক নং- ৫১.০১.০০০০.০১৯.০১৮.৮৪.১৩ - ২০২ তারিখ: ২০/০৩/২০১৮ খ্রিঃ।

বিষয়ঃ Project Implementation Committee (PIC) কে Environmental ও Social Screening forms পূরণের তাগিদ প্রদান।

উপর্যুক্ত বিষয়ে দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, বিশ্বব্যাংকের সহায়তায় দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক Strengthening of the Ministry of Disaster Management and Relief Programs Administration (SMoDMRPA) প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পের অন্যতম উদ্দেশ্য হল, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক পরিচালিত সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচি সমূহ (ইজিপিপি, টিআর/কাবিটা, জিআর, ভিজিএফ) অধিকতর দক্ষতা, স্বচ্ছতা ও সুষ্ঠুভাবে বাস্তবায়ন করা।

সাম্প্রতিককালে এসকল সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচির আওতায় গৃহীত প্রকল্পসমূহ বাস্তবায়ন সংক্রান্ত বিভিন্ন পর্যবেক্ষণ সহ প্রতিবেদন বিশ্বব্যাংক থেকে প্রকল্প কার্যালয়ে প্রেরণ করা হয়। ঐ প্রতিবেদনে প্রকল্প সুষ্ঠুভাবে বাস্তবায়নের ক্ষেত্রে প্রকল্প বাস্তবায়ন কমিটি (PIC) কর্তৃক পরিবেশগত ও সামাজিক স্ক্রিনিং ফরম যথাযথভাবে পূরণ না করা এবং ইউনিয়ন পরিষদ কর্তৃক যথাসময়ে প্রকল্পের তালিকা দাখিল না করা কে অন্যতম সমস্যা হিসেবে চিহ্নিত করা হয়েছে।

প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে উপরে বর্ণিত দুর্বল দিকসমূহের বিষয়ে বিশ্বব্যাংকের সাথে Strengthening of the Ministry of Disaster Management and Relief Programs Administration (SMoDMRPA) প্রকল্পের কর্মকর্তাদের একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বিশ্বব্যাংকের প্রতিনিধি এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তাগিদ দিতে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরকে অনুরোধ করেন।

এমতাবস্থায়, তাঁর উপজেলার ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে যথাসময়ে প্রকল্প তালিকা দাখিল করার এবং প্রকল্প বাস্তবায়ন কমিটি সমূহকে পরিবেশগত ও সামাজিক স্ক্রিনিং ফরম যথাযথভাবে পূরণ করার নির্দেশনা প্রদানের জন্য তাঁকে অনুরোধ করা হ'ল।

২০/৩/১৮
মোঃ রিয়াজ আহম্মদ
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
ফোনঃ ৯৮৪১৫৮১

উপজেলা নির্বাহী অফিসার (সকল)

অনুলিপিঃ-

১। জেলা প্রশাসক (সকল)।
২। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল)।
৩। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (সকল)।
৪। অফিস কপি।